

Telephone Conversation between PM and President of Egypt

April 17, 2020

ভারতের প্রধানমন্ত্রী এবং ইজিপ্টের রাষ্ট্রপতির মধ্যে টেলিফোনে বাক্যালাপ
এপ্রিল 17, 2020

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ইজিপ্টের রাষ্ট্রপতি মহামান্য শ্রী আবদেল ফাতাহ এল-সিসি-র সাথে ফোনে বাক্যালাপ করেছেন।

দুই নেতা কোভিড-19 অতিমারির কারণে উদ্ভূত বিশ্বব্যাপী পরিস্থিতি নিয়ে আলোচনা করেছেন। তারা তাদের জনসংখ্যাকে রক্ষা করার জন্য দুই দেশের সরকার দ্বারা গৃহীত পদক্ষেপের বিষয়ে তথ্যাদি আদান প্রদানের বিষয়েও আলোচনা করেছেন। একে অন্যের থেকে শিক্ষা গ্রহণের জন্য অভিজ্ঞতা এবং সর্বোচ্চ অনুশীলনের বিনময়ের উপযোগিতার বিষয়ে তারা সহমত হয়েছেন। প্রধানমন্ত্রী, ইজিপ্টের রাষ্ট্রপতিকে, এই কঠিন সময়ে ওষুধপত্রের যোগানের উপলব্ধতাকে সুনিশ্চিত করার জন্য ভারতের সর্বপ্রকারের সম্ভাব্য সহযোগিতার আশ্বাস দিয়েছেন। বর্তমানে ইজিপ্টে উপস্থিত ভারতীয় নাগরিকদের সাহায্য প্রদানের জন্য তিনি রাষ্ট্রপতি এল-সিসি কে ধন্যবাদও জ্ঞাপন করেছেন।

দুই নেতা এই বিষয়ে সহমত হয়েছেন যে, ঘনিষ্ঠ সমন্বয় এবং অভিজ্ঞতাকে ভাগ করে নেওয়াকে সুনিশ্চিত করার জন্য দুই দেশের টিম নিজেদের মধ্যে যোগাযোগ বজায় রাখবে।

নিউ দিল্লি

এপ্রিল 17, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

